# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

অতিঃ প্রধান প্রকৌশলীর দপ্তর
প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন
পানি ভবন, লেভেল-১
৭২, গ্রীন রোড, ঢাকা।
ফোন ঃ +৮৮ ০২ ২২২২৩০০২২

www.bwdb.gov.bd

OFFICE OF THE ADD. CHIEF ENG.
TRAINING & HR DEVELOPMENT
PANI BHABON, Level-1
72, GREEN ROAD, DHAKA.
PHONE +88 02 222230022
e-mail : ctsd.bwdb@gmail.com

স্মারক নং-৪২.০১.০০০০.০২৮.০৬.০০১.২১-৮৬৪; তারিখঃ ০৬/০৯/২০২২ খ্রিঃ।

**বিগত ০৫/০৯/২২ খ্রিঃ তারিখে বিকাল ০৩.০০ ঘটিকায় বাপাউবো প্রশিক্ষণ ইনিস্টিটিউট, ভাগ্যকুল, মুন্সীগঞ্জ এর সম্মেলনকক্ষে স্টেকহোল্ডারদের অংশগ্রহণে অনুষ্ঠিত বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের "সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter)" বিষয়ক ১ম অবহিতকরণ সভা ২০২২-২৩ এর কার্যবিবরনী।**

বিগত ০৫/০৯/২২ খ্রিঃ তারিখে বিকাল ০৩.০০ ঘটিকায় বাপাউবো প্রশিক্ষণ ইনিস্টিটিউট, ভাগ্যকুল, মুন্সীগঞ্জ এর সম্মেলনকক্ষে স্টেকহোল্ডারদের অংশগ্রহণে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের "সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) " বিষয়ক অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাপাউবো'র সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মোঃ ওয়াহিদ হোসেন, অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর)(চঃদাঃ), প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন এর দপ্তর, বাপাউবো, ঢাকা। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাপাউবো প্রশিক্ষণ ইনিস্টিটিউট, ভাগ্যকুল, মুন্সীগঞ্জ এর তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর) জনাব মোঃ সাফিউল হুদা খান এবং সভাপতি ছিলেন জনাব মোঃ মঈনুল ইসলাম, সহকারী পরিচালক (প্রশাসন), প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন এর দপ্তর, বাপাউবো, ঢাকা। স্টেকহোল্ডার হিসেবে বাপাউবো'র নবনিযুক্ত উপ-সহকারী প্রকৌশলী (যান্ত্রিক) গণ ও বাপাউবো প্রশিক্ষণ ইনস্টিটিউট, মুন্সীগঞ্জ এর অন্যান্য কর্মকর্তা/কর্মচারীবৃন্দ এতে অংশগ্রহণ করেন। সভার উপস্থিতি তালিকা **সংযুক্তি-০১**। সভার শুরুতে সভাপতি মহোদয় মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২২-২৩ এর বিষয়ে আলোচনা করেন। অতঃপর বিশেষ অতিথি জনাব মোঃ সাফিউল হুদা খান, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর) মহোদয় বাপাউবো'র মাঠ পর্যায়ের সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) সংক্রান্ত কার্যক্রমের গুরুত্ব সম্পর্কে উপস্থিত বাপাউবো'র নবনিযুক্ত উপ-সহকারী প্রকৌশলীগনদের অবহিত করেন। অতঃপর সভার প্রধান অতিথি বাপাউবো'র সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মোঃ ওয়াহিদ হোসেন, অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর)(চঃদাঃ) মহোদয় উপস্থিত বাপাউবো'র নবনিযুক্ত উপ-সহকারী প্রকৌশলীগনদের নিজ নিজ দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) সংক্রান্ত কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য বিভিন্ন দিক নির্দেশনা প্রদান করেন। এসময় বাপাউবো'র সিটিজেন চার্টার বিষয়ক লিফলেট উপস্থিত সকলকে সরবরাহ করা হয়। উল্লিখিত বিষয় সমূহের উপর বিস্তারিত আলোচনা শেষে উপস্থিত সকলের সম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

**গৃহীত সিদ্ধান্তসমূহঃ**

১। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২২-২০২৩ অনুসরণ পূর্বক প্রত্যেকে নিজ নিজ কর্মক্ষেত্রের আওতায় প্রত্যেকটি জোনে মনোনীত সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে সেবা প্রদান সংক্রান্ত সহায়তা প্রদান করবেন।

২। মাঠ পর্যায়ে প্রত্যেকটি দপ্তরে নাগরিক সনদ(Citizen Charter) চার্ট প্রদর্শনের ব্যবস্থা করতে হবে।

৩। সকল দপ্তরে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত কার্যক্রমের উপর প্রশিক্ষণ আয়োজন করতে হবে।

আর কোনো আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষনা করেন।

০৬/০৯/২২

(মোঃ ওয়াহিদ হোসেন)
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর)(চঃদাঃ)
প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন
বাপাউবো, ঢাকা।
ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা
সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter)

১১০৫ ৭/৯/২২

০৭/০৯/২০২২

বিতরন (জ্যেষ্ঠ্যতার ভিত্তিতে নয়)ঃ

১. সচিব, বোর্ড সচিবালয়, বাপাউবো, ঢাকা ও বিকল্প ফোকাল পয়েন্ট, বাপাউবো'র সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) সংক্রান্ত।
২. তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), প্রসেসিং পরিদপ্তর, বাপাউবো, ঢাকা ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, এপিএ।
৩. সি,এস,ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (কার্যবিবরনীটি বোর্ডের ওয়েবসাইটে *সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত সেবাবক্সের "ত্রৈমাসিক/বার্ষিক/মূল্যায়ন/প্রতিবেদন" ট্যাবে* আপলোডের জন্য অনুরোধ জানানো হলো)
৫. ব্যক্তিগত সহকারী ,অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাপাউবো, ঢাকা।
৬. অফিস কপি/মাষ্টার কপি।

(মোঃ ওয়াহিদ হোসেন)
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর)(চঃদাঃ)
প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন
বাপাউবো, ঢাকা।
ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা
সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter)

সংযুক্তি-০১

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

স্টেকহোল্ডারগণের অংশগ্রহণে বাপাউবো'র "সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter)" বিষয়ক

অবহিতকরন সভা

তারিখঃ ৫ সেপ্টেম্বর, ২০২২ ইং।

স্থানঃ বাপাউবো প্রশিক্ষণ ইনস্টিটিউট, ভাগ্যকুল, মুন্সীগঞ্জ।

হাজিরা বিবরনী

| নাম ও পদবী | অফিস | স্বাক্ষর |
|---|---|---|
| জাহিদ হাসান শাহিন<br>উপ-সহকারী প্রকৌশলী | সিরাজগঞ্জ পানি-বিজ্ঞান<br>উপ-বিভাগ, বাপাউবো, [illegible] | Jahid |
| সোহেল রানা<br>উপ-সহকারী প্রকৌশলী | যশোর যান্ত্রিক পানি উন্নয়ন<br>উপ-বিভাগ, বাপাউবো, যশোর | [illegible] |
| সেতু বিশ্বাস<br>উপ-সহকারী প্রকৌশলী | খুলনা ড্রেজার অপারেশন<br>সার্কেল | Setu<br>05.09.2022 |
| আবু ওবায়দা<br>উপ-সহকারী প্রকৌশলী | [illegible] ড্রেজার অপারেশন<br>বিভাগ | Abuayda |
| মো: আব্দুল মজিদ<br>উপ-সহকারী প্রকৌশলী | যশোর যান্ত্রিক পানি উন্নয়ন<br>উপ-বিভাগ | [illegible] |
| মো: জাহিদুল ইসলাম<br>উপ-সহকারী প্রকৌশলী | বরিশাল যান্ত্রিক দপ্তর বিভাগ,<br>বাপাউবো, বরিশাল। | Jahid |
| ভূঁইয়া [illegible]<br>উপ-সহকারী প্রকৌশলী | মৌলভীবাজার যান্ত্রিক<br>দপ্তর বিভাগ, বাপাউবো, মৌ: | [illegible]<br>05.09.2022 |
| শফিকুর রহমান<br>উপ-সহকারী প্রকৌশলী | ঢাকা যান্ত্রিক ([illegible]) বিভাগ,<br>সিমরাইল, নারায়ণগঞ্জ। | শফিক 05/09/22 |
| রিফাত আহমেদ,<br>উপ-সহকারী প্রকৌশলী (যান্ত্রিক) | ড্রেজার অপারেশন সার্কেল,<br>বাপাউবো, নারায়ণগঞ্জ, | Rifat<br>05/09/22 |
| শেখ মুহাইমিনুল ইসলাম<br>উপ-সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ) | খুলনা ড্রেজার অপারেশন বিভাগ,<br>বাপাউবো, লবণচরা, খুলনা। | Muhaimin<br>05.09.2022 |
| নাঈম হাসান<br>উপ-সহকারী প্রকৌশলী (যান্ত্রিক) | ঢাকা যান্ত্রিক উপ-বিভাগ<br>বাপাউবো, তেজগাঁও, ঢাকা | [illegible]<br>05.09.2022 |
| তরিকুল ইসলাম<br>উপ-সহকারী প্রকৌশলী (যা:) | পি এন্ড ডি যান্ত্রিক সার্কেল<br>বাপাউবো, তেজগাঁও ঢাকা | তরিকুল<br>05.09.22 |
| মো: [illegible] ইসলাম<br>সহ: পরিচালক (প্র) | প্রশিক্ষণ ও মানবসম্পদ<br>উন্নয়ন, বাপাউবো, ঢাকা | [illegible]<br>05/09/22 |
| মো: সাইফুল [illegible] খান<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী | ভাগ্যকুল প্রশিক্ষণ ইনস্টিটিউট | [illegible]<br>05/09/22 |
| মো: [illegible] হোসেন<br>প্রধান, প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন | প্রশিক্ষণ ও মানবসম্পদ উন্নয়ন [illegible] দপ্তর | [illegible] 05/09/22 |
| | | |
| | | |

# সভা চলাকালীন কিছু মূহুর্ত














